**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 28–07–2024**
**Time: 07:50-08:00 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) আসামের চড়াইদেও ময়দাম উত্তর-পূর্বাঞ্চলের মধ্যে প্রথম ইউনেস্কোর ওয়ার্ল্ড হেরিটেজের মর্যাদা পাওয়ায় প্রধানমন্ত্রী সন্তোষ ব্যক্ত করেছেন ।**

**(২) সারা দেশে প্রস্তাবিত ১০০টি একলব্য মডেল স্কুলের মধ্যে ৮৪টির কাজ সম্পন্ন হয়েছে – বলেছেন কেন্দ্রীয় উপজাতি কল্যাণ মন্ত্রী জুয়েল ওরাম ।**

**(৩) রাজ্যের প্রাক্তন উপমুখ্যমন্ত্রী যীষ্ণু দেববর্মা আগামী ৩১শে জুলাই তেলেঙ্গানার রাজ্যপাল হিসাবে শপথ নেবেন ।**

**(৪) জাতীয় শিক্ষানীতি ২০২০ চতুর্থ বর্ষ পূর্তি উপলক্ষ্যে আয়োজিত শিক্ষা সপ্তাহ কর্মসুচি আজ শেষ হয়েছে ।**

*******************************************

**Mann-Ki-Baat :**

দেশে মাদকাসক্তের সংখ্যা বৃদ্ধিতে উদ্বেগ প্রকাশ করেছেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, সরকার দেশে মাদক বিরোধী কার্যকরী পদক্ষেপ গ্রহণ করছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ আকাশবাণীর মন-কি-বাতের ১১২তম পর্বে দেশ বিদেশের

জনগণের সাথে মত বিনিময় করে একথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, নেশামুক্তি প্রকল্পে সম্প্রতি সরকার মানস পোর্টাল চালু করেছে। এছাড়াও ১৯৩৩ হেল্পলাইন নাম্বার চালু করা হয়েছে। এটি নেশামুক্তি ও পুনর্বাসন সংক্রান্ত বিভিন্ন ব্যাপারে সাহায্য করবে। আসামের চড়াইদেও ময়্দাম ইউনেস্কোর ওয়ার্ল্ড হেরিটেজের মর্যাদা পাওয়ায় প্রধানমন্ত্রী সন্তোষ ব্যক্ত করেন। তিনি বলেন, এটি দেশের মধ্যে ৪৩তম এবং উত্তর-পূর্বাঞ্চলের প্রথম ওয়ার্ল্ড হেরিটেজ। তিনি দেশবাসীকে তাদের ভ্রমনসূচীর মধ্যে চড়াইদেও ময়্দামকে রাখার কথাও বলেছেন। এছাড়াও প্রধানমন্ত্রী বলেন, এই প্রথম খাদি শিল্পের ব্যবসা দেড় লক্ষ কোটি টাকা অতিক্রম করেছে। প্রধানমন্ত্রী আরো বলেন যে, প্যারিস অলিম্পিক এখন সমস্ত বিশ্ববাসীর আগ্রহের কেন্দ্র বিন্দু। এই প্রতিযোগিতায় ভারতীয় খেলোয়াড়দের উৎসাহ যোগানোর জন্য তিনি দেশের জনগনকে অনুরোধ করেছেন। আসন্ন স্বাধীনতা দিবস উপলক্ষ্যে তিনি হর-ঘর-তিরঙ্গার অভিযানের উল্লেখ করেন।

*****************************

**Union minister Juel Oram :**

দু'দিনের সফরে কেন্দ্রীয় উপজাতি কল্যাণ মন্ত্রী জুয়েল ওরাম আজ আগরতলায় আসেন। তিনি আজ আগরতলার স্টেট গেস্ট হাউসে এক সাংবাদিক সম্মেলনে ২০২৪-২৫ অর্থ বছরের কেন্দ্রীয় বাজেট নিয়ে বক্তব্য পেশ করেত গিয়ে বলেন, এবারের কেন্দ্রীয় বাজেটে গুরুত্ব দেওয়া হয়েছে দরিদ্রদের কল্যাণ, মহিলাদের উন্নয়ন, যুবাদের রোজগারের বন্দোবস্ত করা এবং কৃষকদের কল্যানের কৃষি উৎপাদন বৃদ্ধি। তিনি বলেন, বাজেটে

সব রাজ্যের বিকাশেই গুরুত্ব দেওয়া হয়েছে। তিনি জানান, গতবছর বাজেটে উপজাতি কল্যানে বাজেটে যেখানে শুধুমাত্র প্রকল্প বাবদ ৭ হাজার ৪৮৮ কোটি টাকা বরাদ্দ ছিল, এবার তা ৭৩ শতাংশ বৃদ্ধি করে ১৩ হাজার কোটি টাকার প্রস্তাব করা হয়েছে। তাঁর মন্ত্রক উপজাতি ছাত্রছাত্রীদের শিক্ষা বিস্তারে বিশেষ গুরুত্ব দিয়েছে উল্লেখ করে তিনি বলেন, সারা দেশে ১০০টি একলব্য মডেল স্কুল গড়ার যে পরিকল্পনা নেওয়া হয়েছিল তার মধ্যে ৮৪টির কাজ সম্পন্ন হয়েছে। ত্রিপুরা প্রসঙ্গে তিনি বলেন, ত্রিপুরাতেও সামগ্রিক বিকাশ ঘটছে। ত্রিপুরায় জনধন একাউন্ট রয়েছে ১০ লক্ষ ২২ হাজার। এর মধ্যে ৫৬ শতাংশই মহিলাদের। প্রধানমন্ত্রী আবাস যোজনায় ত্রিপুরায় ৩ লক্ষ ৭৭ হাজার ঘরের অনুমোদন দেওয়া হয়েছে গ্রামীন এলাকায়। শহর এলাকায় ৮৯ হাজার ৬৮টি ঘরের অনুমোদন দেওয়া হয়েছে। সাংবাদিক সম্মেলনে রাজ্যের উপজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা, সাংসদ কৃতি দেবী দেববর্মা, রাজ্য সরকারের অর্থ সচিব ব্রিজেশ পান্ডে প্রমুখ উপস্থিত ছিলেন।

****************************

**Governor-Telengana :**

রাজ্যের প্রাক্তন উপমুখ্যমন্ত্রী যীষ্ণু দেববর্মা আগামী ৩১শে জুলাই তেলেঙ্গানার রাজ্যপাল হিসাবে শপথ নেবেন। পয়লা আগষ্ট তিনি নতুন দিল্লিতে রাজ্যপালদের বৈঠকে অংশ নেবেন। আজ আগরতলায় সাংবাদিকদের এই খবর জানিয়ে শ্রী দেববর্মা বলেন, ত্রিপুরায় মন্ত্রী হিসাবে বহু গুরুত্বপূর্ণ দপ্তরের দায়িত্ব পালন করেছি। সেইসব অভিজ্ঞতা নতুন জায়গায় নতুন দায়িত্ব নেওয়ার পর তুলে ধরব, ঠিক তেমনি ঐ রাজ্যের অভিজ্ঞতাও ত্রিপুরায়

সবার সামনে তুলে ধরব। উল্লেখ্য, রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু গতকালই শ্রী দেব্ববর্মাকে তেলেঙ্গানার রাজ্যপাল হিসাবে নিযুক্ত করেন।

******************************

**Shiksha Saptah :**

জাতীয় শিক্ষানীতি ২০২০ চতুর্থ বর্ষ পূর্তি উপলক্ষ্যে আয়োজিত শিক্ষা সপ্তাহ কর্মসুচি আজ রাজ্যেও শেষ হয়েছে। সমাপ্তি দিনে আজ রাজ্যের স্কুলগুলিতে শিক্ষক-অভিভাবক সম্মেলন ও তিথিভোজের আয়োজন করা হয়। আজ ছিল শিক্ষা সপ্তাহের শেষ দিন। আজ বেশ কয়েকটি বিদ্যালয়ে যান শিক্ষা দপ্তরের বিশেষ সচিব রাভেল হেমেন্দ্র কুমার। এছাড়া বিদ্যালয় শিক্ষা দপ্তরের অধিকর্তা এন সি শর্মা এবং বুনিয়াদী শিক্ষা, মাধ্যমিক শিক্ষা ও সমগ্র শিক্ষার আধিকারিকগনও বিভিন্ন বিদ্যালয় পরিদর্শন করেন। আজকের শিক্ষক-অভিভাবক সম্মেলনে নিপুন ত্রিপুরা মিশন সম্পর্কে বিস্তারিতভাবে আলোচনা করা হয় বলে জানিয়েছেন নিপুণ ত্রিপুরার দায়িত্বপ্রাপ্ত নোডাল অফিসার অভিজিৎ সমাজপতি।

সিপাহীজলা জেলার ৫৮৭টি সরকারি বিদ্যালয়ের পাশাপাশি বেসরকারি ও সরকার অধিগৃহীত সমস্ত বিদ্যালয়ে শিক্ষা সপ্তাহ উদযাপন করা হয়েছে বলে আকাশবাণীর সিপাহীজলা জেলা প্রতিনিধি অভিজিৎ বর্ধনকে জানিয়েছেন জেলা শিক্ষা আধিকারিক মলয় ভৌমিক। জেলার সমাপ্তি দিনের অনুষ্ঠানে বিশালগড়ের অফিসটিলা দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে উপস্থিত ছিলেন জেলা শিক্ষা আধিকারিক।

এদিকে, গোমতী জেলার ৫২৯টি স্কুলে শিক্ষা সপ্তাহ উপলক্ষ্যে নানা কর্মসূচি পালন করা হয়। জেলা শিক্ষা আধিকারিক বিকাশ নাথ আকাশবাণী গোমতী জেলার প্রতিনিধি শ্যাম সুন্দর দত্তকে এই খবর জানান।

দক্ষিণ জেলার শিক্ষা আধিকারিক সুবীর মজুমদার আকাশবানীর জেলার প্রতিনিধিকে জানান জেলার সরকারী ও সরকারী অনুদান প্রাপ্ত ৭২টি দ্বাদশ স্কুল, ৯০টি হাইস্কুল, ১৪৭টি এসবি স্কুল ও ৩১২টি জেবি স্কুলে নানা অনুষ্ঠানের মাধ্য দিয়ে শিক্ষা সপ্তাহ পালিত হয়েছে।

**************************

**Election Campaign :**

পঞ্চায়েত নির্বাচনে ভোটের প্রচারে বিভিন্ন দলের প্রার্থীরা বাড়ি বাড়ি যাচ্ছেন। পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ১১ নম্বর আসনে বিজেপির মনোনিত প্রার্থী কৃষ্ণজিৎ দাস জিরানিয়া এলাকায় দলীয় কর্মী সমর্থকদের নিয়ে বাড়ি বাড়ি প্রচার করছেন এবং ভোটদাতাদের কাছে আবেদন জানাচ্ছেন।

এদিকে, দক্ষিণ জেলার ভারতচন্দ্রনগর ব্লকের পাইখলা বাজারে সিপিআইএম প্রার্থীদের সমর্থনে গতকাল এক মিছিল ও সভা অনুষ্ঠিত হয়। সভায় বক্তব্য রাখেন বিধায়ক দীপংকর সেন, দলের বিলোনিয়া মহকুমা সম্পাদক তাপস দত্ত প্রমুখ।

******************************

**World Hepatitis Day :**

বিশ্ব হেপাটাইটিস দিবস উপলক্ষে আজ হেপাটাইটিস ফাউন্ডেশন অফ ত্রিপুরার উদ্যোগে আগরতলায় একটি বর্ণাঢ্য শোভাযাত্রা বিভিন্ন পথ পরিক্রমা করে। উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি হরিদুলাল আচার্য, হেপাটাইটিস ফাউন্ডেশন অফ ত্রিপুরার সভাপতি ডাঃ এন এল ভৌমিক প্রমুখ। উল্লেখ্য এবছর বিশ্ব হেপাটাইটিস দিবসের মূল ভাবনা হচ্ছে Its time for action বা এখন কিছু করার সময়।

*****************************

**Distribution of wheel chairs :**

বিশেষভাবে সক্ষম ব্যক্তিদের কল্যানে কেন্দ্র ও রাজ্য সরকার বিভিন্ন প্রকল্প চালু করেছে। শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্ত্বনা চাকমা আজ আগরতলা প্রেসক্লাবে বিশেষভাবে সক্ষম ব্যক্তিদের মধ্যে হুইল চেয়ার বিতরণ অনুষ্ঠানে একথা বলেন। রোটারি ক্লাব ও সিটির উদ্যোগে আজকের এই অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সংস্থা সভাপতি ডা: নিহার চন্দ্র দাস, সম্পাদক আশীষ সেন প্রমুখ। আজ এই অনুষ্ঠানে ১০টি সংস্থা ও ৫ জন বিশেষভাবে সক্ষম ব্যক্তিদের মধ্যে বিনামূল্যে হুইল চেয়ার প্রদান করা হয়।

**************************

**অন্তিম যাত্রা :**

সিপিএম রাজ্য কমিটির প্রাক্তন সদস্য প্রয়াত সমর আঢ্যের শেষকৃত্য আজ সম্পন্ন হয়। সিপিএম পশ্চিম ত্রিপুরা জেলা ও রাজ্য দপ্তরে তাকে ফুলমালা দিয়ে শেষ শ্রদ্ধা জানান সিপিএম

নেতাবৃন্দ ও কর্মীরা। পরে মেলারমাঠ দলীয় অফিস থেকে তাকে নিয়ে অন্তিম যাত্রা বের হয়। পরে বটতলা মহা শ্মশানে শেষকৃত্য সম্পন্ন হয়।

*******************************

**Chess Champion :**

রাজ্য অনূর্ধ্ব-১১ দাবায় বালক বিভাগে চ্যাম্পিয়ন হয়েছে মেহেকদ্বীপ গোপ। ধর্মনগরের বিবেকানন্দ সার্ধ শতবার্ষিকী ভবনে আয়োজিত দুদিন ব্যাপী দাবা প্রতিতোগিতায় আজ পাঁচ রাউন্ডে সাড়ে চার পয়েন্ট পেয়ে চ্যাম্পিয়ন হয়েছে মেহেকদ্বীপ। ৪ পয়েন্ট পেয়ে দ্বিতীয় স্থান দখল করে সদরের আদ্রুষ কর্মকার। প্রথম এবং দ্বিতীয় স্থান অধিকার করে সদরের দুই দাবাড়ুই জাতীয় আসরে খেলার যোগ্যতা অর্জন করে। প্রসঙ্গত বালিকা বিভাগে চ্যাম্পিয়ন হয়েছিল ম্যাট্রিক্স চেস আকাদেমির আগরতলা শাখার দাবাড়ু আরাধ্যা দাশ।

*******************************

**Football :**

কমলপুরে পার্থপ্রতিম দাস স্মৃতি নকআউট ফুটবল টুর্নামেন্টে কানাইলাল এফসি চ্যাম্পিয়ন হয়েছে। এই খেলায় বিজয়ী দলকে কুড়ি হাজার টাকা, রানার্স দলকে ১০ হাজার টাকা প্রাইজমানি ও ট্রফি প্রদান করা হয়। গত ১০ জুলাই ১৬টি দলকে নিয়ে এই টুর্নামেন্টের সূচনা হয়। ফাইনাল খেলায় উপস্থিত ছিলেন বিধায়ক মনোজ কান্তি দেব।

*******************************